৫। (ক) 'অভিসার' কবিতাটির কাহিনি বিশ্লেষণ করে কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) ''শুধু কি মুখের বাক্য শুনেছ দেবতা ?
শোননি কি জননীর অন্তরের কথা ?''

'দেবতার গ্রাস' কবিতার কাহিনি অবলম্বনে উল্লিখিত পংক্তির তাৎপর্য বিশ্লেষণ করো।

৬। (ক) 'রাজা' নাটকে সাধারণ জনতার একটি বিশেষ ভূমিকা রয়েছে। 'রাজা' নাটক অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'ব্রাহ্মণ' কবিতাটির মর্মার্থ উদ্‌ঘাটন করো।

★★★





# 2019

## BENGALI

( Major )

Paper : 6.1

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) ''আমার কোনো _____ কি তোমার মনে আসে না।''
( শূন্যস্থান পূরণ করো )

(খ) রানি সুদর্শনার পোষা হরিণীর নাম কী ?

(গ) 'রাজা' নাটকে ''আমি তোমার প্রেমে হব সবার কলঙ্কভাগী।'' গানটি কার গাওয়া ?

*(i)* রাজা

*(ii)* সুদর্শনা

*(iii)* সুরঙ্গমা

*(iv)* ঠাকুরদা

( সঠিক উত্তরটি বেছে লেখো )

(ঘ) বসন্ত পূর্ণিমার উৎসবে রাজা রানিকে কোন্ স্থানে দেখা দিতে চেয়েছিলেন ?

(ঙ) 'দেবতার গ্রাস' কবিতায় রাখালের মাসির নাম কী ?

(চ) 'গানভঙ্গ' কবিতায় বৃদ্ধ রাজার নাম কী ?

(ছ) ''শুভ্র ললাটে ইন্দু সমান ভাতিছে স্নিগ্ধ শান্তি।'' 'অভিসার' কবিতায় কার রূপের এই বর্ণনা দেওয়া হয়েছে ?

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) ''তবে আসুক মৃত্যু, আসুক—সে তোমার মতোই কালো, তোমার মতোই সুন্দর, তোমার মতোই সে মন হরণ করতে জানে।'' বক্তা কে? কার সঙ্গে তিনি মৃত্যুর তুলনা করেছেন ?

(খ) ''দ্বার হতে দ্বারে ফিরিল _____
লইয়া _____।''

শূন্যস্থান পূর্ণ করো।

(গ) ''নারী যখন আপন প্রতিষ্ঠা থেকে ভ্রষ্ট হয় তখন সংসারে সে ভয়ংকর বিপদ হয়ে দেখা দেয়।'' বক্তা কে? কার সম্পর্কে তিনি এই ধারণা পোষণ করেছেন ?

(ঘ) 'শ্রেষ্ঠ ভিক্ষা' কবিতায় প্রভু বুদ্ধের জন্য অনাথ পিণ্ডদকে শ্রেষ্ঠ ভিক্ষাটি কে দিয়েছিলেন? তিনি কী দান করেছিলেন ?





৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) টীকা লেখো :

সত্যকাম **অথবা** বরজলাল

(খ) টীকা লেখো :

সুরঙ্গমা **অথবা** 'রাজা' নাটকে অন্ধকার

(গ) ''আমাদের রাজা নিজে জায়গা জোড়ে না, সবাইকে জায়গা ছেড়ে দেয়।'' কী প্রসঙ্গে ঠাকুরদা রাজা সম্পর্কে একথা বলেছেন, সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) ''এ যেন পাখি লয়ে বিবিধ ছলে শিকারী বিড়ালের খেলা।'' প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো।

(ঙ) ''এখনো আমার সময় হয়নি,
যেথায় চলেছ যাও তুমি ধনী।''

প্রাসঙ্গিক ঘটনার সংক্ষিপ্ত বিবরণ দাও।

৪। (ক) ''ললিত মধুর কল্পনার জগতে যে নিজেকে এতদিন ভুলিয়ে রেখেছে তাকে বাস্তব কঠিন নিষ্ঠুর পৃথিবীতে টেনে নিয়ে আসতে হ'লে দুঃসহ দুঃখের পথ ছাড়া তো অন্য কোনো পথ নেই।'' 'রাজা' নাটকে রানি সুদর্শনার চরিত্র আলোচনা-প্রসঙ্গে বক্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) বন্ধুর দেওয়া কঠিন আঘাত পেয়েও ঠাকুরদা প্রশান্ত চিত্তে রাজাকে তাঁর অকুণ্ঠ অবিচলিত বন্ধুত্ব দান করেছেন। 'রাজা' নাটকে ঠাকুরদা চরিত্র আলোচনা করে বক্তব্যটির যাথার্থ্য বিচার করো।

৬। (ক) 'শেষের কবিতা' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলির মধ্য থেকে যে কোনো দুটি চরিত্রের আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'আপদ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

★★★





**2 0 1 9**

BENGALI

( Major )

Paper : 6.2

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত/নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) "একদিন আমার সমস্ত ডানা মেলে পেয়েছিলুম আমার ওড়ার আকাশ; আজ আমি পেয়েছি আমার ছোট্টো বাসা, ডানা গুটিয়ে বসেছি। কিন্তু আমার আকাশও রইল।" বক্তা কে?

(খ) লাবণ্যর পিতার নাম কী?

(গ) সিসি, লিসি—এরা কে?

(ঘ) যোগমায়াকে লাবণ্য কি বলে ডাকত?

(ঙ) 'আপদ' গল্পে আপদ কাকে বলা হয়েছে?

(চ) "অম্বিকাচরণের কড়া নিয়মে ____ ভিতরে ভিতরে অত্যন্ত উত্যক্ত হইয়াছিল।"
( শূন্যস্থান পূর্ণ করো )

(ছ) " 'ডাক্তার! ডাক্তার!' জ্বালাতন করিল। এই অর্ধেক রাত্রে ...।" কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "পথ আজ হঠাৎ এ কী পাগলামি করলে! দুজনকে দু জায়গা থেকে ছিঁড়ে এনে আজ থেকে হয়তো এক রাস্তায় চালান করে দিলে।" এখানে 'দুজনকে' বলতে কোন্ দুজনের কথা বলা হয়েছে?

(খ) বাঁকাগাড়ি পরগণাটি কে, কার জন্য ক্রয় করে দিয়েছিলেন?

(গ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের প্রাসাদটি কোথায় এবং কোন্ নদীর তীরে অবস্থিত?

(ঘ) "পূর্বের মতোই আমার লাইব্রেরিতে বসেই তুমি কাজ করবে, কিছুমাত্র সংকোচ করবে না।" কে, কাকে একথা বলেছেন?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৫×৩=১৫

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের কেটি মিটার চরিত্রটি আলোচনা করো।

(খ) 'শেষের কবিতা' উপন্যাস অবলম্বনে শিলঙ পাহাড়ের সৌন্দর্য বর্ণনা করো।





(গ) "পাঁচটি আঙুল আছে ব'লে কি একটি আঙুল ত্যাগ করা যায়।" উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।

(ঘ) "সাহেব এবং শ্যালী এই দুই নৌকায় পা দিয়া হতভাগা বিষম সঙ্কটে পড়িল।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'প্রতিহিংসা' গল্পের অম্বিকাচরণ চরিত্রটি আলোচনা করো।

৪। (ক) 'শেষের কবিতা' উপন্যাসের অন্তর্গত 'সংঘাত' অথবা 'নূতন পরিচয়' শীর্ষক পরিচ্ছেদের ঘটনাবলী বিবৃত করো। ১০

*অথবা*

(খ) "পাঁচজনের মধ্যে ও যে কোনো একজন মাত্র নয়, ও হল একেবারে পঞ্চম; অন্যকে বাদ দিয়ে চোখে পড়ে।" উক্তিটির আলোকে অমিত চরিত্রটি বিশ্লেষণ করো।

৫। (ক) 'নিশীথে' গল্পটিতে একটি 'আর্ত অপরাধী মনের প্রতিচ্ছবি' কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) "রবীন্দ্রনাথের 'ক্ষুধিত পাষাণ' গল্পকে অলৌকিক বা অতিলৌকিকের ছাপ মেরে দিতে মন সায় দেয় না। একে চড়াপর্দার রোমান্সের গল্প বলাই সঙ্গত।" সমালোচকের এই মন্তব্যটি কতটুকু গ্রহণযোগ্য তা বিচার করো।

# 2 0 1 9

# BENGALI

## ( Major )

Paper : 6.3

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) ভারতীয় আলংকারিকদের মতে প্রধান 'ভাব' কয়টি ?

(খ) ''যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চলো রে''—কোন্ রসের উদাহরণ ?

(গ) 'সাহিত্য দর্পণ' কে রচনা করেছেন ?

(ঘ) 'ব্যালাড'কে দীনেশচন্দ্র সেন কী নামে আখ্যায়িত করেছেন ?

(ঙ) ফিনল্যান্ডের মৌখিক মহাকাব্যটির নাম কী ?

(চ) ''একালের কোনো কোনো বাঙালি কবি কতকটা লোকগাথার ঢঙে দীর্ঘ বর্ণনামূলক কবিতা রচনা করেছেন।'' এ ধরনের একজন বাঙালি কবির নাম উল্লেখ করো।

(ছ) 'ফেয়ারি কুইন'-এর আদর্শে দ্বিজেন্দ্রনাথ ঠাকুর কোন্ কাব্য রচনা করেছিলেন ?

২। নির্দেশানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) আলংকারিকদের মতে কাব্য নির্মাণ কৌশলের ভাগ কয়টি ও কী কী?

(খ) 'রৌদ্র রসের ভাবের উপাদান হল ____, কিন্তু বীররসের ভাবের উপাদান হচ্ছে ____।

( শূন্যস্থান পূর্ণ করো )

(গ) বাংলায় রচিত দুটি 'বীররসাত্মক ব্যঙ্গ কাব্য'-এর নাম লেখো।

(ঘ) যে কোনো দুটি 'সারস্বত মহাকাব্য'-এর (literary epic) নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) 'সকল সহৃদয় হৃদয় সংবাদী' বলতে কী বোঝায়? সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'রীতিরাত্মা কাব্যস্য' কাদের সিদ্ধান্ত? এই সিদ্ধান্তের অনুগামীদের বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'গীতিকবিতা' কাকে বলা হয়? 'গীতিকবিতা'র লক্ষণ ও বৈচিত্র্য সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) "ইংরেজিতে দুটি শব্দ 'Fiction' ও 'Novel' বাহ্যত একার্থবাহী হলেও এদের মধ্যে সূক্ষ্ম পার্থক্য আছে।" এই পার্থক্য সম্বন্ধে আলোচনা করো।

(ঙ) নব্য ব্যালাড বা neo-ballad বলতে কী বোঝায়? পাশ্চাত্যে এই শ্রেণীর সাহিত্যের উদ্ভব কখন ও কেন হয়েছিল, আলোচনা করো। বাংলায় এই বিশেষ সাহিত্য-প্রকরণের নিদর্শন পাওয়া যায় কি? আলোচনা করো।





৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে নিয়ে সর্বমোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) মানসিক ভাব 'শোক' কীভাবে কাব্যের 'রস'-এ পরিণত হয় তা আলোচনা করো।

(খ) "কাব্যের আত্মা 'ধ্বনি' বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের আত্মা 'রস' বলে তাঁরা উপসংহার করেছেন।" এই উক্তির পরিপ্রেক্ষিতে ভারতীয় আলংকারিকদের কাব্য-জিজ্ঞাসার বিভিন্ন পর্যায় সম্বন্ধে আলোচনা করো।

(গ) টীকা লেখো :

নবরস, ব্যঙ্গ্যার্থ, সংকরালংকার।

**খ—গুচ্ছ**

(ঘ) "প্রায় দেড়শ বছর ধরে নানা পরিবর্তনের মধ্য দিয়ে ছোট গল্পের বিবর্তন চলেছে।" সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে ছোটোগল্পের সংজ্ঞা, উৎস এবং বিবর্তনের ধারাটিকে চিহ্নিত করো।

(ঙ) প্রবন্ধ-নিবন্ধ কাকে বলে? ব্যক্তিগত প্রবন্ধের বৈশিষ্ট্য কী? ব্যক্তিগত প্রবন্ধের উদ্ভব ও ক্রমবিকাশ সম্বন্ধে আলোচনা করো।

(চ) ভারতীয় অলংকার শাস্ত্রে মহাকাব্যের লক্ষণ ও বৈশিষ্ট্য নিয়ে যে আলোচনা রয়েছে তা অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ের 'সমালোচনার কথা' অবলম্বনে আলোচনা করো।

★★★

# 2 0 1 9

## BENGALI

## ( Major )

Paper : 6·4

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) 'লিগিরি' শব্দের অর্থ কী ?

(খ) বুঢ়াগোহাঁইয়ের কন্যার নাম কী ?

(গ) সুন্দর কোঁয়রের বয়স কত ?

(ঘ) শ্যাম গোছাইত জাতে কী ?

(ঙ) শেখ কেরামত আলিকে সকলে কী নামে ডাকে ?

(চ) গোবিন্দপুর গ্রামের অধিষ্ঠাত্রী দেবী ঠাকুরাণীর নাম কী ?

(ছ) মা-ঠাকরুনকে তুলসিমঞ্চের কাছে মৃত অবস্থায় প্রথম কে দেখেছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) সুন্দর কোঁয়র তাঁর রাজ্য থেকে কোন্ দুজনকে নির্বাসন দিয়েছিলেন?

(খ) ''নিজর বিয়া করোয়া তিরোতাক আনর হাতত গতাই দিলি!'' বক্তা কে? কে নিজের বিবাহিত স্ত্রীকে অন্যের হাতে তুলে দিয়েছেন?

(গ) ''হাঁড়ির মাপেই সরা হয়।'' এই 'হাঁড়ি-সরা' কে কে?

(ঘ) ''অতি হীন আঁধার রাতি
অতি হীন নাপিত জাতি।''

'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে কে, কাকে 'নাপিত' বলেছে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন তিনটি) : ৫×৩=১৫

(ক) 'কারেঙর লিগিরি' নাটকে সুন্দর কোঁয়রের শয়নকক্ষের একটি বিবরণ দাও।

(খ) নাগা পর্বতে অনঙ্গরাম ও নাগা যুবকের কথোপকথন অংশটির বর্ণনা করো।

(গ) 'কারেঙর লিগিরি' নাটকের রাজমাতা চরিত্রটির পরিচয় দাও।

(ঘ) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসের 'মন্ত্রণা' অংশ অবলম্বনে মঙ্গরাজ ও চম্পার কথোপকথনের বিষয়বস্তু কী ছিল, লেখো।

(ঙ) গোবরা জেনা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।





৪। (ক) 'কারেঙর লিগিরি' নাটকের নামকরণ সার্থক হয়েছে কি না, বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'কারেঙর লিগিরি' নাটকের সুদর্শন চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

(গ) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে নিচুতলার মানুষের যে বাস্তব জীবনচিত্র অঙ্কিত হয়েছে তা বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(ঘ) '' 'ছ মাণ আঠ গুণ্ঠ' পুস্তকটি কথ্য ভাষায় লিখিত হালকা হাস্যরসের ধারায় জীবন ও সমাজের প্রতি সবল ব্যঙ্গোক্তিমিশ্রিত কশাঘাতের নিদর্শন।'' কয়েকটি উদাহরণ দিয়ে এই হাস্যরস ও ব্যঙ্গোক্তির পরিচয় দাও। ১০

(ঙ) 'কারেঙর লিগিরি' নাটকে জ্যোতিপ্রসাদ আগরওয়ালা কীভাবে পরম্পরাগত সামাজিক মূল্যবোধের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছিলেন তা নাটকের প্রাসঙ্গিক দৃশ্যাবলি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

*অথবা*

(চ) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসের মঙ্গরাজ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

★★★